# ঘর

প্রাত্যহিক সংযোগরেখার যেখানে দাঁড়িয়ে আছি
অতি পরিচিত
এ - পথেই কথা হয়, দেখা হয়, ছায়া মাখামাখি
আর, কয়েক মুহূর্ত পরপর ঘুরে দেখি
ধোঁয়া ও আলোর বিন্যাসের যে ঘর বানিয়েছি তাকে

বলতে যা বুঝেছি সে ভীষণ জেদি
ইঁট - কাঠ - রঙ ছাপিয়ে আকাশ - বিমুখী

আকাশে কীসের ভয়, বলো
যদি ঘর ভেঙে যায় প্রতিটি আন্তরিক গৃহ
আকাশ আশ্রয়ী

দেবাশিস চট্টোপাধ্যায়